

খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০১ ও ০২)

স্মারক নং-খুবি/প্রশা-৬২/৯১-
খুবি/প্রশা-৯৬/৯১-

তারিখ: ১৩.০৪.২০২৫ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত অধ্যাপক (বেতনক্রম ৫৬,৫০০-৭৪,৪০০/- টাকা) ও প্রভাষক (বেতনক্রম ২২,০০০-৫৩,০৬০/- টাকা) এর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | ডিসিপ্লিন | পদের সংখ্যা |
|-----------|----------|-------------------------------------|----------------------------------|
| ১. | অধ্যাপক | পরিসংখ্যান | ০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | ড্রইং এন্ড পেইন্টিং | ০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | গণযোগাযোগ ও সাংবাদিকতা | ০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | মানবসম্পদ ব্যবস্থাপনা | ০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | ডেভেলপমেন্ট স্টাডিজ | ০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে) |
| ২. | প্রভাষক | বাংলা | ০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | আইন | ০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | পরিসংখ্যান | ০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | ডেভেলপমেন্ট স্টাডিজ | ০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি | ০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে) |
| | | মানবসম্পদ ব্যবস্থাপনা | ০৩ (তিন) টি (শূন্য পদের বিপরীতে) |

নিয়ামাবলী :

- ১) আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূর্ণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ৬০০/- (ছয়শত) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত স্লিপ সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) এ আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়ামাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://www.ku.ac.bd/career>) পাওয়া যাবে।
- ২) খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ৩) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- ৪) প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:
 - ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)
 - খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি
 - গ) সকল মার্কসিট/ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি
 - ঘ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
- ৫) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।
- ৬) পূর্বে যারা আবেদন করেছেন নতুন করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ৭) আবেদনপত্র আগামী ১৬-০৪-২০২৫ থেকে ০৮-০৫-২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অনলাইন (Online)-এ অথবা অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে।
- ৮) কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয় / অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দত্তে দণ্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থীদের কোনো ধরনের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বিষয়টির উল্লেখ থাকতে হবে।
- ৯) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ. প্রদান করা হবে না।
- ১০) প্রয়োজ্য ক্ষেত্রে অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।
- ১১) নিয়োগ সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

E-mail: registrar@ku.ac.bd

